দৈনিক ইনকিলাব

তারিখ 12 JAN 1989
পৃষ্ঠা ... ... কলাম ... ...

৪৪

## ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রতিবাদে ছাত্র গণজমায়েত

ইসলামী বিশ্ববিদ্যালয়কে কুষ্টিয়ার শান্তিডাঙ্গায় স্থানান্তরের প্রতিবাদে গতকাল ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রতিরোধ সংগ্রাম কমিটির উদ্যোগে গাছা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আবুল হাশেমের সভাপতিত্বে বোর্ড বাজারে এক ছাত্র গণজমায়েত অনুষ্ঠিত হয়।

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## রাজধানীতে মাদ্রাসায় ধর্মঘট পালিত

।। ইনকিলাব রিপোর্ট ।।

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের ডাকে গতকাল রাজধানীর মাদ্রাসাসমূহে পূর্ণ ধর্মঘট পালিত হয়। এসময় ঢাকা আলীয়া মাদ্রাসায় এক বিক্ষোভ মিছিল ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ থেকে

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## মাদ্রাসায় ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

অবিলম্বে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের আহবান জানানো হয়। সভা

এদিকে গতকাল বিকেলে ইসলামী বিশ্ববিদ্যালয় প্রথম আবাসিক হল মিলনায়তনে এক সাধারণ ছাত্র সভা অনুষ্ঠিত হয়। ছাত্রনেতা নাজমুল হক সাঈদীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধকল্পে বৃহত্তর আন্দোলন গড়ে তোলার আহবান জানানো হয়।

## ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

সভায় বক্তাগণ ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর সম্পর্কিত সিদ্ধান্তকে অযৌক্তিক এবং ইসলামী শিক্ষার প্রতি প্রচণ্ড হুমকি হিসেবে বর্ণনা করে ছাত্রগণ আন্দোলন গড়ে তোলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং সিদ্ধান্ত প্রত্যাহারের জন্য সরকারের প্রতি আহবান জানান। তাছাড়া উক্ত বিশ্ববিদ্যালয়কে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করার জন্য জোর দাবী জানান।

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গাজীপুর ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সরকারী সিদ্ধান্ত বাতিলের দাবীতে গতকাল বিকেলে জয়দেবপুর জামে মসজিদ প্রাঙ্গণে এক সভা অনুষ্ঠিত হয়েছে। মসজিদের পেশ ইমাম মাওলানা হাফিজউল্লাহ মোজাদ্দেদী এতে সভাপতিত্ব করেন।